জেলা পরিষদ কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
www.zpchapainawabganj.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৩.৭০০০.০০১.১২.০০২.১৯-২৭১

তারিখ ঃ ১০ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৫ নভেম্বর, ২০১৯ খ্রিঃ

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ অধিশাখা এর ১১/১১/২০১৯ খ্রিঃ তারিখের স্মারক নং- ৪৬.০০.০০০০. ০৪২. ১১.০০৩. ১৭.১৯৪০ নং স্মারকে বর্ণিত ছাড়পত্র মোতাবেক চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদে নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক এর নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্র নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
১	অফিস সহায়ক	১ (এক)টি	৮২৫০-২০০১০/= (গ্রেড-২০)	অষ্টম শ্রেণী পাশ

শর্তাবলী ঃ

১। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ১(এক) পাতার চাকরীর আবেদন ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের ওয়েবসাইট (www.zpchapainawabganj.gov.bd) এবং এ কার্যালয় হতে পাওয়া যাবে।
২। আবেদন ফরম স্বহস্তে পূরণ করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে।
৩। আগামী ১৫/১২/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে এ কার্যালয়ে আবেদন পত্র পৌঁছাতে হবে।
৪। আবেদন পত্রের সাথে অফিস সহায়ক পদের জন্য ৫০০/=(পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ বরাবর জমা দিতে হবে।
৫। খামের উপর মোটা অক্ষরে পদের নাম বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
৬। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি, সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
৭। আবেদনকারীর বয়স ১৫/১২/২০১৯ খ্রিঃ তারিখে- ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহনযোগ্য হবে না। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/নাতি/নাতনী এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা যথাযথভাবে অনুসরন করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে কাগজপত্র দাখিল করতে হবে। অন্যথায় তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে।
৯। আবেদনপত্র বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীগণকে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
১০। মৌখিক পরীক্ষা গ্রহণের সময় আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল কাগজপত্রের মূলকপি আবেদনকারীকে প্রদর্শন করতে হবে।
১১। চাকরিরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ে দাখিল করতে হবে।
১২। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। সন্তোষজনক শিক্ষানবিশকাল সমাপ্তির পর বিধি মোতাবেক চাকরি স্থায়ী করা হবে।
১৩। চাকরির শর্তাবলী এবং বেতন ভাতাদি/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, ২০০০ এবং স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকরি বিধিমালা, ১৯৯০ ও সংশোধনী ২০০৬ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।
১৪। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত/নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৬। চাকরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা হবে।
১৭। এ নিয়োগের জন্য পূর্বে যারা আবেদন করেছেন তাদের নতুন ভাবে আবেদন করার প্রয়োজন নেই।
১৮। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারনে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(ড. মোঃ সাইফুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃদাঃ)
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন ঃ ০৭৮১-৫৩৫০১
ফ্যাক্স ঃ ০৭৮১-৫২৪১৬
E-mail: ceo@zpchapainawabganj.gov.bd

স্মারক নং ঃ ৪৬.৪৩.৭০০০.০০১.১২.০০২.১৯-২৭১/১(৫০) তারিখ ঃ ১০ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৫ নভেম্বর, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরিত হলোঃ-

০১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০২। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৩। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
০৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল ও ভোলাহাট, জেলা- চাঁপাইনবাবগঞ্জ
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যলয়, চাঁপাইনবাবগঞ্জ।
০৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ।
০৭। মেয়র, চাঁপাইনবাবগঞ্জ/শিবগঞ্জ/নাচোল ও রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত/সওজ/পাউবো/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
০৯। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল ও ভোলাহাট, জেলা-চাঁপাইনবাবগঞ্জ।
১১। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
১২। জেলা পরিষদ, সদস্য, সংরক্ষিত ওয়ার্ড নং-১/সংরক্ষিত ওয়ার্ড নং-২/সংরক্ষিত ওয়ার্ড নং-৩ সংরক্ষিত ওয়ার্ড নং-৪/ সংরক্ষিত ওয়ার্ড নং-৫
১৩। জেলা পরিষদ, সদস্য, ওয়ার্ড নং-০১/ওয়ার্ড নং-০২/ওয়ার্ড নং-০৩/ওয়ার্ড নং-০৪/ওয়ার্ড নং-০৫/ওয়ার্ড নং-০৬/ওয়ার্ড নং-০৭/ওয়ার্ড নং-০৮/ওয়ার্ড নং-০৯/ওয়ার্ড নং-১০/ওয়ার্ড নং-১১/ওয়ার্ড নং-১২/ওয়ার্ড নং-১৩/ওয়ার্ড নং-১৪/ওয়ার্ড নং-১৫
১৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
১৫। কম্পিউটার অপারেটর, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা পরিষদের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করার অনুরোধ করা হলো।
১৬। বিজ্ঞাপন ম্যানেজার, **"দৈনিক চাঁপাই চিত্র"** পত্রিকায় বিজ্ঞপ্তিটি ২৮/১১/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ভিতরের পাতায় ০৩(তিন) কলাম X ১২ ইঞ্চি মাপে এক দিনের জন্য প্রকাশ করে ০৩(তিন) কপি পত্রিকা এবং বিজ্ঞাপন বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৭। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
১৮। অফিস নথি।

২৫/১১/১৯
প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃদাঃ)
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।